

স্পিকিং ইংলিশ শেখানোর নামে বিভ্রান্তি

আরিফুর রহমান খাদেম

এক বছর আগে ঢাকায় অবস্থানকালে আমার একজন প্রাক্তন ছাত্রের সাথে দেখা। সে আমার সাথে কুশল বিনিময় শেষ করতেই তার হাতে একটা নতুন দৈনিক-এর ভিতরের পাতায় প্রকাশিত (০৯/১২/১০) ভাষা শিক্ষার উপর “স্পিকিং ইংলিশে ভালো করার কৌশল” শিরোনামে একটি আর্টিক্যাল দেখিয়ে পড়তে অনুরোধ করল। আমি তার অনুরোধে সাড়া দিয়ে রাস্তায় দাঁড়িয়েই লেখাটি পড়তে শুরু করলাম। লেখাটি খুব বড় না হওয়ার পড়তে বেশি সময় লাগেনি এবং আমার বুঝতেও দেরি হয়নি সে আমাকে কেন পড়তে অনুরোধ করেছিল। সাধারণত কোনো আর্টিকল ভাল হলে একজন পাঠক একের অধিকবার একটি লেখা পড়তে পারে। কিন্তু আমিও লেখাটি একের অধিকবার পড়লাম লেখকের লেসন বোঝার জন্য। তারপর আমি লেখাটি আমার বাবা সহ বেশ কয়েকজন উচ্চ শিক্ষিত, এমনকি জাতীয় পর্যায়ের কয়েকজনকে দেখালাম। আমাদের কেউই বুঝে উঠতে পারছিলামনা ঢাকা ল্যাংগুয়েজ ক্লাবের প্রেসিডেন্টের মত একজন ব্যক্তিত্ব কী করে শিক্ষার্থীদের ভুল ডায়ালগ শিখাচ্ছেন। বরং কোনো শিক্ষার্থী যদি ভুলবশতঃ এগুলো বলে বা বলার চেষ্টা করে, তাহলে শিক্ষক হিসেবে উচিত শিক্ষার্থীর ভুল ধরিয়ে দেয়া। সিডনিতে ফেরার পর কয়েকজন ইংলিশ স্পিকারদের ডায়ালগগুলো দেখিয়ে জিজ্ঞাসা করলাম, তারা কখনো এ জাতীয় বাক্য বাস্তবে ব্যবহার করে কিনা। তারা সবাই আমাকে জিজ্ঞাসা করল, ‘এগুলোর অর্থ কী?’ তার আর্টিক্যাল থেকে আরো জানলাম যে তিনি বিটিভিতেও ইংরেজি শিখিয়ে থাকেন।

তিনি polite manner-এ কথা বলা শেখাতে চেয়েছেন, যা শিক্ষার্থীদের ব্যক্তিত্বকে অন্যের কাছে আকর্ষণীয় করে তুলবে, যেমনঃ Excuse me sir, How may I have your address? আমি অনেক চেষ্টা করেও এ বাক্যটির ভাবার্থ বুঝে উঠতে পারিনি। যেকোনো পরিস্থিতিতেই প্রশ্নটি বেমানান। বাক্যটিকে সাদামাটাভাবে অনুবাদ করলে দাঁড়ায় ‘আমি আপনার ঠিকানা কিভাবে পেতে পারি?’ যা কোনো ভাষাতেই মোটেও কোনো অর্থবহ বাক্য হতে পারেনা। কারণ আমি কারো কাছে কিছু চাইলে যদি সে আমাকে দিতে না পারে বা সহজেই সম্ভব না হয়, তাহলে আমি অন্যের মাধ্যমে নেয়ার ব্যাপারে জিজ্ঞাসা করতে পারি। যেহেতু সে আমার সামনেই উপস্থিত, প্রশ্নটি করা উচিত ছিল এভাবে, Excuse me sir. May I have your address? অথবা, শুধুই May/Can I have your address please? অথবা, Please let me know your address if you are ready. তিনি উদাহরণস্বরূপ শেখাতে পারতেন, Excuse me sir. How may I have your book? অর্থাৎ আমি আপনার বইটি কিভাবে পেতে পারি? উত্তরদাতার কাছে তখন বইটি না-ও থাকতে পারে। সে হয়ত বইটি তার ঘর থেকে এনে দেবে বা কোনো বন্ধুর মাধ্যমে পাঠাবে ইত্যাদি। অন্যদিকে, তিনি যদি ভদ্রতার সাথে বোঝাতে চান, ‘আমি আপনার ঠিকানায় কিভাবে পৌঁছতে পারি?’ তাহলে প্রশ্নটি হবে, Excuse me sir. How may I get to your address? অথবা, How may I reach your address? এটা সত্য যে ইংরেজি ভাষায় অনেক বাক্য বাস্তবে dictionary বা

কাব্যিক অর্থের উপর ভিত্তি করে ব্যবহৃত হয় না। অনেকাংশেই এগুলোর ব্যবহার পরিস্থিতি নির্ভর। তবে প্রশ্নকর্তার এমন কোনো প্রশ্ন করা উচিত নয় যার উত্তর পরিস্থিতির অনুকূলে নয়।

পরের লাইনে তিনি লিখেছেন, ‘আবার বলতে পারেন আমি কি আপনার কোন উপকারে আসতে পারি’-Can I be a part of your help? এটি পড়ে আমি অনেকটা আকাশ থেকেই পড়লাম। দীর্ঘদিন ইংরেজিভাষী দেশের লোকদের সাথে উঠাবসা করে এ জাতীয় ডায়ালগ কখনো শুনি নি বা দেখি নি। কারণ লেখক যা বোঝাতে চেয়েছেন তা বেশ সহজ ভাষায় ‘Can I help you?’-এর মাধ্যমেই বলা যায়। অথবা কিছু কিছু ক্ষেত্রে একটু ভিন্ন আদলে (প্রায় একই অর্থে) বলা যায়, ‘Can I be of any help to you?’ কলামের পরবর্তী লাইনে তিনি লিখেছেন- নিম্নলিখিত Sentence গুলো বেশি বেশি করে বারবার বলুন। যেমন- Excuse me sir, I beg your pardon sir. would you mind to repeat? I beg your kind appology ইত্যাদি। জানি না তিনি একই বাক্যে কেন বারবার ‘sir’ বলা শেখাচ্ছেন। অতি ভক্তি আবার চোরের লক্ষণ। তাছাড়া মারাত্মক যে ভুলটি তিনি করেছেন সেটি would you mind to repeat? বাক্যটিতে। কারণ would you mind দিয়ে প্রশ্ন করলে mind-এর পরপরই যদি বাক্যে ক্রিয়ার (verb) দরকার হয় তাহলে সে ক্রিয়ার সাথে ‘ing’ যুক্ত হবেই। মাঝখানে infinitive ‘to’ আসার প্রশ্নই উঠেনা। অর্থাৎ সঠিক বাক্যটি হবে, would you mind repeating? এভাবে, Would you mind singing? Would you mind giving? Would you mind coming? ইত্যাদি। তাছাড়া বাক্যটি আরো সহজভাষায় বলা যায়- যেমনঃ Would you repeat? একটু বেশি ভদ্রতা দেখাতে চাইলে repeat-এর ঠিক আগে kindly যোগ করলেও হবে।

তার লেখায় শুদ্ধ বাক্য গঠন বা ভাবার্থ প্রকাশেই ত্রুটি ছিল না, ইংরেজি বাক্যে বিরাম-চিহ্ন (punctuation) ব্যবহারেও ভুল ছিল। অপরদিকে, তিনি তার লেখায় শিক্ষার্থীদের ইন্ডিয়ান চ্যানেলে ইন্ডিয়ানদের উচ্চারণ অনুসরণ করতে উপদেশ দিয়েছেন। আমাদের দেশের যারা কথাবার্তা বলতে ইংরেজি শেখে বা চর্চা করে, তাদের অধিকাংশের উদ্দেশ্যই বিদেশ যাওয়া। আর সেই উদ্দেশ্য হাসিলের শুরুতেই যদি কাউকে ভারতীয়দের উচ্চারণ বা অ্যাক্সেন্ট হজম করে দেশ ত্যাগ করতে হয়, তার শুরুটা যে কেমন হতে পারে সে ইংরেজি পরিবেশে না আসা পর্যন্ত উপলব্ধি করতে পারবে না। কারণ অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডে দেখেছি ভারতীয়দের উচ্চারণ ও অ্যাক্সেন্ট নিয়ে ওই দেশীয় স্পিকারদের বিরূপ মন্তব্য করতে। অনেকের কাছেই মনে হয়েছে শুধুই হাসির খোরাক। অথচ আমাদের প্রতিবেশী অন্যান্য দেশীয় শ্রীলংকান বা নেপালিজদের মধ্যে এ মৌলিক সমস্যাটি নেই। ইন্ডিয়ানরা ইংরেজি আমাদের চেয়ে বেশি বুঝতে পারে বা তাদের কাছ থেকে অন্যান্য অনেক কিছু শেখার থাকতে পারে, কিন্তু ইংরেজি ভাষা বুঝতে তাদেরকে অনুসরণ করার ব্যাপারটি অতি বেমানান বা হাস্যকরই মনে হয়েছে।

আমাদের দেশের অধিকাংশ শিক্ষার্থীরা যেখানে ইংরেজি শেখার বা চর্চার উপযুক্ত পরিবেশ থেকে প্রায় বঞ্চিত, সে অবস্থায় যদি তারা ভুল পথিকের হাত ধরে এগিয়ে যায়, তা মোটেও কাম্য নয়। যেখানে প্রায় ২০ বছর বা তার উর্দে দেশের প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করেও দেশের একটা বিশাল জনগোষ্ঠী সাধারণ বা বেসিক বাক্য গঠনে হিমশিম খায়, সেখানে শিক্ষার্থীদের এ

ধরনের অস্বাভাবিক শিক্ষাদান কী ঠিক? দেশের অনেক নামিদামি বিশ্ববিদ্যালয়ের শিক্ষিত ছেলে মেয়েরা যখন ইন্টারনেটের বিভিন্ন মাধ্যমে ইংরেজিতে বিভিন্নজনের সাথে যোগাযোগ করে, তখন নিজের কাছেই নিজের মাথা নত করতে হয়। উদাহরণস্বরূপঃ কেউ হয়ত আমাকে প্রশ্ন করছে, Do you Arif from Sydney? অথবা, Are you come from Sydney?, অথবা, Do you coming from Sydney? আবার কেউ হয়ত কোথাও মন্তব্য লিখেছেন, You looks very nice/Your look very nice/Your are look very nice. He do not come here. She have come here. Asif go to work. I was came from Bangladesh. I was told Shakib. I am live Italy. ইত্যাদি ইত্যাদি। অর্থাৎ মাথায় যা আসছে তা-ই নির্বোধের মত মনগড়া মত লিখে বা বলে যাচ্ছে। অথচ সঠিক বাক্যগুলো যথাক্রমে হবেঃ Are you Arif from Sydney? Do you come from Sydney? Are you coming from Sydney? You look very nice. He does not come here. She has come here. Asif goes to work. I came from Bangladesh. I told Shakib. I live in Italy. এভাবে আরো লাখো মৌলিক ত্রুটি আছে যা তারা নির্ভুল ভেবেই করে যাচ্ছে। উল্লিখিত সমস্যাগুলো যে শুধু ইন্টারনেটেই বিদ্যমান তা নয়, ঢাকায় কিছু প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে পড়াতে গিয়েও অনেক ছাত্র ছাত্রীদের মাঝে এ সমস্যাগুলো পেয়েছি। কখনো কখনো মনে হয়েছে তারা ইংরেজি বর্ণমালা ও yes, no, very good এর বাইরে আর কিছু জানে না।

আমার এ বিষয়ে দীর্ঘদিনের বাস্তব অভিজ্ঞতা - আমাদের দেশের শিক্ষার্থীদের প্রধান সমস্যাই হচ্ছে ওই বেসিকে। অর্থাৎ দু-একটা শব্দ দিয়েই সঠিকভাবে বাক্য গঠনে। যতদিন না তারা এ মৌলিক রোগ থেকে মুক্তি লাভ করবে, ইংরেজির প্রতি তাদের দুর্বলতা কোনোদিন কাটবে না। কথাবার্তাতো অনেক দুরে, পড়াশুনা শেষে কোনোদিন আস্তার সাথে একটি চাকরির আবেদনও করতে স্বাচ্ছন্দ্য বোধ করবে না। আমার এ কথাগুলোর কিছু বাস্তব প্রমাণ পাওয়া যায় বাংলাদেশ থেকে ইংরেজি ভাষী দেশে আসা অনেক বাংলাদেশীদের ক্ষেত্রে। যারা ইংরেজি ভাষী দেশে এসে শুধুমাত্র ভাষাগত জটিলতার কারণে শিক্ষকদের লেকচার বুঝা থেকে শুরু করে কোর্স এ্যাসাইনমেন্ট তৈরি করা, পরীক্ষায় অংশগ্রহণ করা ইত্যাদি নানা ধরনের সমস্যায় ভোগে। তাছাড়া চাকরির ক্ষেত্রে বায়োডাটা বানানো থেকে শুরু করে ইন্টারভিও পর্যন্ত ভাষাগত বিভিন্ন মৌলিক সমস্যার মুখোমুখি হয়।

শিক্ষার্থীদের ভুল বা কনফিউজিং ডায়ালগ না শিখিয়ে তাদের বেসিক সমস্যাগুলো চিরতরে নির্মূলে সচেতন হওয়া অতি জরুরি? এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট পত্রিকার সম্পাদক, লেখক, সচেতন অভিভাবক ও শিক্ষক এবং উৎসুক শিক্ষার্থীদের সজাগ দৃষ্টি কামনা করছি।

arifurk2004@yahoo.com.au